…প্রথমবার TSI-তে ভিজিট করার সময় আমার মনে হয়েছিল, "আমি একটি স্বাভাবিক জীবনের টিকেট পেয়ে গেছি!"

TSINY-এর গ্রাহকের মন্তব্য

এক বছরের মধ্যে প্রতি চারজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির একজন - প্রায় 61.5 মিলিয়ন আমেরিকান - মানসিক অসুস্থতার শিকার হন। প্রতি 17 জনে একজন - প্রায় 13.6 মিলিয়ন মানুষ - একটি গুরুতর মানসিক অসুস্থতা, যেমন সিজোফ্রেনিয়া, বড় ধরনের বিষণ্নতা বা বাইপোলার ডিজঅর্ডারে আক্রান্ত হয়ে বেঁচে থাকেন।

দীর্ঘ-মেয়াদী হাসপাতাল প্লেসমেন্টের একটি বিকল্প হিসেবে 1975 সালে TSINY প্রতিষ্ঠিত হয়। এরপর থেকে TSINY-এর কার্যক্রম সম্প্রসারিত হয়ে এটি একটি বহুমুখী মানসিক স্বাস্থ্য সংস্থায় পরিণত হয়েছে যা গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদেরকে স্থায়ী আবাসন অ্যাক্সেস করা, ব্যক্তিগত অনুপ্রেরণা বৃদ্ধি করা, কর্মসংস্থানের জন্য চেষ্টা করা, শিক্ষা অর্জনে সচেষ্ট হওয়া, এবং নিজেদের কমিউনিটিতে অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করার ক্ষেত্রে সহায়তা করার জন্য আবাসিক, কেস ম্যানেজমেন্ট, পুনর্বাসন ও আরোগ্য লাভ সম্পর্কিত সহায়তার পরিপূর্ণ রেঞ্জ প্রদান করছে।

TSINY কর্মসূচির রূপরেখা

তত্ত্বাবধানকৃত বসবাসের পরিবেশ

দলগত বসবাসের পরিবেশ যেখানে অধিবাসীদেরকে প্রাত্যহিক জীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতা দিয়ে সহায়তা করার জন্য 24 ঘণ্টা সহায়তা কর্মী নিয়োজিত থাকেন। কর্মসূচিগুলো কুইন্স ও ব্রঙ্কসে লভ্য রয়েছে।

অ্যাপার্টমেন্টে চিকিৎসার কর্মসূচি

অধিবাসীরা কুইন্স কমিউনিটিজুড়ে রুমমেটদের সঙ্গে অ্যাপার্টমেন্টগুলোতে বসবাস করেন। প্রত্যেকের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী সহায়তামূলক পরিষেবাগুলো প্রদান করা হয়।

সহায়তামূলক আবাসন

কমিউনিটিতে নিজেদের অ্যাপার্টমেন্টে বসবাসকারী ভাড়াটিয়াদেরকে ভাড়া সংক্রান্ত ভর্তুকি এবং আবাসন-ভিত্তিক কেস ম্যানেজমেন্ট সেবা প্রদান করা হয়। ভাড়াটিয়ারা একাকী অথবা রুমমেট বা পরিবারের সঙ্গে বসবাস করেন। আমাদের অ্যাপার্টমেন্টগুলো কুইন্স ও নাসাউ কাউন্টিজুড়ে অবস্থিত।

মিয়েলি'স রেসপাইট

একটি সংকটকালীন অবকাশ কেন্দ্র যেটি সাইকিয়াট্রিক বা আবেগ সংক্রান্ত সংকটের সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য হাসপাতালে ভর্তি হওয়ার বিকল্প হিসেবে 28 দিন পর্যন্ত নিরাপদ পরিবেশে অবস্থান করার একটি সুযোগ প্রদান করে।

কাউন্সেলিং ও ক্রাইসিস সেন্টার

কাউন্সেলিং ও ক্রাইসিস সেন্টার হচ্ছে জ্যামাইকায় অবস্থিত OMH-এর লাইসেন্সপ্রাপ্ত বহির্বিভাগের রোগীদের জন্য একটি মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী ক্লিনিক, যেটি মানসিক অসুস্থতার লক্ষণগুলো প্রশমিত করতে এবং মানিয়ে নেওয়ার দক্ষতা উন্নত করতে স্বল্পমেয়াদী চিকিৎসা, চলমান সহায়তা ও সংকটকালীন সেবা প্রদান করে।

শিক্ষামূলক ও কর্মসংস্থানমূলক কর্মসূচি

শিক্ষামূলক কর্মসূচি স্বাক্ষরজ্ঞান উন্নত করতে, GED প্রস্তুতি, কলেজ শিক্ষা এবং কারিগরি প্রশিক্ষণের ক্ষেত্রে সহায়তা করে। কর্মসংস্থানমূলক পরিষেবাগুলো মূল্যায়ন, কর্মসংস্থানের জন্য প্রস্তুতিমূলক প্রশিক্ষণ, চাকরিতে প্লেসমেন্টের ক্ষেত্রে সহায়তা এবং কর্মসংস্থান থাকাকালীন সময়ে চলমান সহায়তা প্রদান করে।

আমাদের ইতিবাচক ব্যবসা প্রতিষ্ঠান, Turn the Page…Again, কুইন্সে অবস্থিত একটি বইয়ের দোকান, লোকজনকে অধিকতর স্থায়ী কর্মসংস্থানের সুযোগ-সুবিধার জন্য প্রস্তুত করে তুলতে বেশ কিছু প্রতিযোগিতামূলক কর্মসংস্থানের পদ ও সুযোগ-সুবিধা অফার করে।

পার্সোনালাইজড রিকভারি ওরিয়েন্টেড সার্ভিসেস (PROS)

PROS হচ্ছে একটি সমন্বিত আরোগ্যমুখী কর্মসূচি যেটি প্রমাণভিত্তিক অনুশীলন, ক্লিনিক্যাল চিকিৎসা, পুনর্বাসন এবং আরোগ্যলাভের সহায়তাকে একটি ব্যক্তিকেন্দ্রিক পরিবেশে একীভূত করছে। পরিষেবাগুলো একটি শক্তিভিত্তিক কর্মপ্রচেষ্টার উপর ভিত্তি করে দাঁড়িয়ে থেকে লোকজনকে তাদের ব্যক্তিগত লক্ষ্যসমূহ অর্জনের পথকে রুদ্ধ করে রাখতে পারে এমন মানসিক স্বাস্থ্য সমস্যার ফলে তৈরি হওয়া প্রতিবন্ধকতাগুলোকে অতিক্রম করার জন্য তাদের অন্তর্নিহিত শক্তি ও স্বাভাবিক সহায়তাকে কাজে লাগাতে শেখায়।

মোবাইল আউটরিচ কর্মসূচি

মোবাইল আউটরিচ অস্থায়ী কেস ব্যবস্থাপনা পরিষেবা প্রদান করার পাশাপাশি লোকজনকে নিজেদের পছন্দের দীর্ঘ-মেয়াদী চিকিৎসা সেবা প্রদানকারীদের সঙ্গে সংযুক্ত করার জন্য কাজ করে থাকে।

বিহেভিওরাল হেলথ কেয়ার কোঅর্ডিনেশন

BHCC কর্মসূচি নিজেদের স্বাস্থ্য ও সুস্থতা নিয়ন্ত্রণে রাখার, স্ব-নির্দেশিত একটি জীবন যাপন করার এবং নিজেদের পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগানোর সক্ষমতা বৃদ্ধি করার জন্য ভোক্তাকেন্দ্রিক, আরোগ্যমুখী সেবা সমন্বয় ও পরিষেবা প্রদান করে থাকে।

প্রাপ্তবয়স্কদের সুরক্ষা পরিষেবা (APS)

APS মানসিক এবং/অথবা শারীরিক অক্ষমতায় ভুগতে থাকা ব্যক্তিদেরকে স্টেটের ম্যান্ডেট অনুযায়ী পরিষেবাগুলো প্রদান করে, যেসব ব্যক্তি প্রাত্যহিক জীবনের কাজগুলো সম্পন্ন করার জন্য নিজেদের সংস্থানগুলোর ব্যবস্থাপনা করতে অক্ষম অথবা নিপীড়ন, অবহেলা, শোষণ বা অন্যান্য বিপজ্জনক পরিস্থিতি থেকে নিজেদেরকে রক্ষা করতে অক্ষম এবং যাদেরকে সহায়তা করার জন্য লভ্য বা ইচ্ছুক কোনো ব্যক্তি নেই। একজন ব্যক্তির কাজ করা এবং নিজেকে পরিচালনা করার সক্ষমতা জোরদার করার মাধ্যমে ঝুঁকিপূর্ণ বিষয়গুলো প্রতিরোধ বা দূর করার জন্য পরিষেবাগুলো তৈরি করা হয়েছে।

এমপাওয়ারমেন্ট সেন্টার

এমপাওয়ারমেন্ট সেন্টার পিয়ার কর্তৃক পরিচালিত একটি কর্মসূচি যেটি স্বাস্থ্যের তিনটি সামাজিক নির্ণায়ক - অর্থনৈতিক স্থিতিশীলতা, সামাজিক অন্তর্ভুক্তি এবং স্বাস্থ্যের উন্নতিকে ঘিরে লোকজনকে সম্পৃক্ত করার জন্য তৈরি করা বেশ কিছু ব্যক্তিগত ও দলগত পিয়ার পরিষেবা প্রদান করে। সেন্টারের সদস্যরা নিজেদের স্বাস্থ্য, সুস্থতা ও আরোগ্যলাভ ব্যবস্থাপনা করার সক্ষমতা সম্প্রসারণ করে।

CORE এন্ড HCBS পরিষেবা

CORE এন্ড HCBS পরিষেবা গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত উপযুক্ত প্রাপ্তবয়স্ক মেডিকেইড সুবিধাভোগীদের জন্য নিজেদের বাড়ি বা কমিউনিটিতে পরিষেবা গ্রহণ করার সুযোগ প্রদান করে। পরিষেবাগুলোর মধ্যে রয়েছে পিয়ার সহায়তা, শিক্ষা সহায়তা, কর্মসংস্থান সহায়তা, পুনর্বাসন ও আরোগ্যলাভের ক্ষেত্রে সহায়তা এবং পারিবারিক সহায়তা।

ট্রানজিশনাল সার্ভিসেস

ফর নিউ ইয়র্ক, ইনক.

ট্রানজিশনাল সার্ভিসেস ফর নিউ ইয়র্ক, ইনক. (TSINY) হচ্ছে নিউ ইয়র্কে অবস্থিত একটি সমন্বিত, কমিউনিটি-ভিত্তিক, মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা। আমরা মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের জীবনকে সমৃদ্ধ করার জন্য নিরবচ্ছিন্ন পুনর্বাসন পরিষেবা প্রদান করি এবং তাদের স্বনির্ভরতার মাত্রা বৃদ্ধি করার দিকে উত্তরণকে সহজতর করি।

একটি রূপান্তর ঘটান!

ট্রানজিশনাল সার্ভিসেস হাসপাতাল, চিকিৎসক, মানসিক স্বাস্থ্য পেশাজীবী, পরিবার ও বন্ধু-বান্ধব, নিয়োগকর্তা, স্কুল, কর্মচারী সহায়তা কর্মসূচিসমূহ এবং ব্যক্তিদের নিজেদের কাছ থেকে রেফারাল গ্রহণ করে থাকি।

প্রকৃত তথ্য:

ক্যান্সার, ডায়াবেটিস বা হৃদরোগের চেয়েও বেশি কমন একটি বিষয় হলো গুরুতর মানসিক অসুস্থতা।

প্রকৃত তথ্য:

মানসিক অসুস্থতাগুলো জৈবিক বিষয়ের উপর নির্ভরশীল, কোনো ত্রুটিবিহীন মস্তিষ্কের সমস্যা যেগুলো প্রায় ক্ষেত্রেই সফলভাবে চিকিৎসা করা যায়।

Transitional Services for New York, Inc.
Administrative Offices
10-16 162nd Street
Whitestone, New York 11357
Tel: 718-746-6647
Fax: 718-746-6799
www.tsiny.org

Centralized Intake
90-27 Sutphin Boulevard
5th Floor
Jamaica, New York 11435
Tel: 718-425-4942 • Fax: 718-526-8424
Referrals@tsiny.org

"নিজেদেরকে পুনরায় আবিষ্কার করতে আমরা লোকজনকে সাহায্য করি।"

TSINY